# উপজেলা পরিষদ

## কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

## সেপ্টেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ২১/০৯/২০২৩ খ্রি:।
সময়: সকাল ১১:০০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

**সভার আলোচ্যসূচি:**

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। স্থায়ী কমিটির সভার বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিষয়ে আলোচনা।
৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচনা।
৬। নিরাপদ খাদ্য আইন বিষয়ে আলোচনা।

সভাপতি কর্তৃক উপস্থিত মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬-দিনাজপুর-১ জনাব মনোরঞ্জন শীল গোপাল মহোদয় সহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ১৭/০৮/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান, আগামী ২৬/০৯/২০২৩ তারিখে জলাতঙ্ক দিবস, ২০২৩ অনুষ্ঠিত হবে। সকল জলাতঙ্ক বিষয়ে সচেতন থাকার অনুরোধ জানান। কুকুর কামড়ালে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে বিনামূল্যে ARV টিকা নেওয়ার আহবান জানান।<br>এছাড়া তিনি জানান, প্রাথমিক বিদ্যালয়সমূহে ক্ষুদে ডাক্তার কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১৭-২৩ নভেম্বর এই কার্যক্রম প্রতিটি স্কুলে পরিচালিত হবে।<br><br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১। বিস্তারিত আলোচনায় ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার অনুরোধ করা হয়। এছাড়া জলাতঙ্ক বিষয়ে সকলকে সচেতন থাকার অনুরোধ করা হয়।<br>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে রোপা আমন ধানের হাইব্রিড-৪২৫ হেক্টর, উফশী-১৪,৮৩৪ হেক্টর ও স্থানীয় সুগন্ধি- ৮০ হেক্টর মোট ১৫,৩৩৯ হেক্টর আবাদ হয়েছে।<br>বর্তমানে রোপা আমন ধানের অবস্থা ভাল। এ বছর এ পর্যন্ত প্রাকৃতিক দুর্যোগে রোপা আমন ধানের ক্ষয়ক্ষতি হয় নাই। আবহাওয়া অনুকূলে থাকলে রোপা আমন ধানের উৎপাদনের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যেতে পারে।<br>খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে প্রণোদনা হিসাবে মাসকলাই ও গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলের বরাদ্দ পাওয়া গেছে। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিতরণ করা হবে। এছাড়া রবি/২০২৩-২০২৪ | বিস্তারিত আলোচনায় ফসলের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ সহ বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | মৌসুমে গম, সরিষা, ভূট্টা সহ অন্যান্য ফসলের প্রণোদনা দেওয়া হবে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে উপকরণ বিতরণ করা হবে।<br>বর্তমানে সার পরিস্থিতি ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | | |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, বর্তমানে লাম্পি রোগের প্রাদুর্ভাব নাই। আদ্র আবহাওয়ার কারনে খুরা রোগ সহ বিভিন্ন রোগের উপস্থিতি রয়েছে। ছাগল ও ভেড়ার জন্য সারাদেশে একযোগে পিপিআর রোগের ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, গত ১৯/০৮/২০২৩ তারিখে রাজস্ব খাতের আওতায় ২টি উন্মুক্ত জলাশয় ও ৭টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। আবারও ক্লাইমেট স্মার্ট প্রকল্পের আওতায় ৬নং রামচন্দ্রপুর ইউনিয়নের বড়কুম জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা হবে। এজন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদ ও এলজিইডি এর আওতায় উন্নয়নমূলক কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, কাহারোল উপজেলায় কাহারোল মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর, সিঙ্গারীগাঁও ও জয়নন্দ ২টি মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ নির্মাণ কাজের দরপত্র ইতোপূর্বে আহবান করা হয়। সিঙ্গারীগাঁও ও জয়নন্দ এই ২টি মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধের নির্মাণ কাজ চলমান থাকলেও মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর এর স্থান নির্ধারণ করা সম্ভব হয়নি। বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর সমন্বয়ে উপজেলা মসজিদ ও উপজেলা টেনিস কোর্ট সংলগ্ন পুরাতন পাম্পের জায়গা নির্ধারণ করা হয়।<br><br>সভায় অনুমোদিত হলে পাম্প হাউসটি নিলামের মাধ্যমে অপসারণপূর্বক উক্ত স্থানে উপজেলা মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর নির্মাণ করা যেতে পারে।<br><br>তিনি সভায় আরও জানান যে, কাহারোল উপজেলাধীন UTMIDP প্রকল্পের আওতায় সঞ্চয়ীতা স্কুল (কেন্দ্রিয় হরি মন্দির) হতে কালুরমোড় পর্যন্ত সড়কের কাজ চলমান। কিন্তু উক্ত সড়কের মধ্যে অবস্থিত ০১টি বিদ্যুতিক খুটি বিদ্যমান থাকায় সড়কের কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। ফলে বৈদ্যুতিক খুটিটি অপসারণ করা প্রয়োজন। সভায় অনুমোদিত হলে সহকারী ব্যবস্থাপক, সাব-জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ, কাহারোল, দিনাজপুর এর মাধ্যমে অপসারণ করা যেতে পারে।<br><br>কাহারোল উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের বিদ্যুৎ বিল ও ভাড়া জটিলতা রয়েছে। যা দ্রুত সমাধান করা প্রয়োজন।<br><br>আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের বিদ্যুৎ বিল আদায় ও ভাড়া জটিলতা নিরসনে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আগামী ১ মাসের মধ্যে | বিস্তারিত আলোচনায় সভার সর্বসম্মতিক্রমে উপজেলা মসজিদ ও উপজেলা টেনিস কোর্ট সংলগ্ন পুরাতন পাম্পের স্থানে উপজেলা মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>একই সঙ্গে বৈদ্যুতিক খুটি অপসারণের জন্য সহকারী ব্যবস্থাপক সাব-জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ , কাহারোল, দিনাজপুর বরাবরে পত্র দেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>এছাড়া বর্ণিত কালভার্ট এর বিষয়টি সদর দপ্তর বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এছাড়া, আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের বিদ্যুৎ বিল আদায় ও ভাড়া জটিলতা নিরসনে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আগামী ১ মাসের মধ্যে তা নিরসন হবে মর্মে তিনি সভায় জানান।<br>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | (১) উপজেলা প্রকৌশলী<br>(২) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | তা নিরসন হবে মর্মে তিনি সভায় জানান।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের চত্বরের মধ্য দিয়ে শিশু নিকেতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার রাস্তায় নির্মিত পাকা রাস্তাটির টেকসই নিশ্চিত করার জন্য রাস্তার খারে মাটি ভরাট করা প্রয়োজন।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক বরাবর স্কীম প্রেরণের নির্দেশনা থাকায় দিনাজপুর জেলার কাহারোল উপজেলায় স্কীম গ্রহণপূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভায় অনুমোদিত হলে স্কীমটি সদয় অনুমোদনের জন্য সদর দপ্তর বরাবরে প্রেরণ করা যেতে পারে। স্কীমটি নিম্নরূপঃ<br><br>ক্র: নং — কাজের নাম<br>০১ — কাহারোল-বগদইড় সড়ক (বাখরখুড়িয়া) হতে বাইশপুর সড়ক ভায়া শাহাপুর স্কুল সড়কের কেনেলে ২x৪.৫০x৪.০০ মিটার আরসিসি বক্স কালভার্ট নির্মাণ<br><br>এছাড়া তিনি জানান সকল ইউনিয়ন পরিষদের ভবনে এলজিইডি'র সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ারগণ সিডিউল অনুযায়ী বসবেন। ইউনিয়ন পরিষদের সকল প্রাক্কলন তাদের মাধ্যমে প্রস্তুত করার জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | | |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, কাহারোল উপজেলা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে এবং আগামী মাসের মধ্যে শিক্ষার্থীদের মোবাইলে উপবৃত্তির টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পৌছে যাবে।<br>এছাড়া বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, গ্রীষ্মকালীন খেলা সঠিক সময়ে সম্পন্ন হয়েছে। কারিকুলামের কাজ চলমান রয়েছে। অত্র উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে শ্রেষ্ঠ হিসাবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রদান করা হয়েছে।<br>এছাড়া সৃজনশীল এবং জাতীয় শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণ করা হবে এবং আগামী ৫ অক্টোবর,২০২৩ জাতীয় শিক্ষক দিবস পালন করা হবে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানের জরীপের কাজ চলমান রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>তিনি জানান বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের ইজিপিপি প্রকল্পের জন্য অগ্রাধিকার তালিকা দাখিল করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর/ কাবিখা (সাধারণ) প্রকল্পসমূহ পরিপত্র মোতাবেক বাস্তবায়ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং সকল PIC সদস্যদের অনুরোধ করা করেন।<br>এছাড়া যে কোন দুর্যোগে তাৎক্ষণিকভাবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসকে অবহিত করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল দিনাজপুর সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন করে ১৫টি ওয়াশব্লকের কাজ চলমান রয়েছে এবং উক্ত অর্থ বছরে টিউবওয়েল মোট ১৫৬ টি বরাদ্দ পাওয়া গেছে। টিউবওয়েল এর কাজ আগামী অক্টোবর/২০২৩ মাসে শুরু করা যাবে মর্মে তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন সমিতি থেকে ৩,৭০,০০০/- টাকা আদায় হয়েছে ও ০১টি সমিতিতে ৩,৪০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, ঋণ বিতরণের সময় সদস্যদের নিকট বিনামূল্যে গাছের চারা বিতরণ করা হয়েছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় অগ্রগতির পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |

| | | | |
|---|---|---|---|
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান, আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে সুষ্ঠু নিরাপত্তা ব্যবস্থা দেওয়ার জন্য বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর সভায় জানান, ঋণ বিতরণ, সঞ্চয় ও ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। সদস্যপদ প্রত্যাহার ও সদস্য অন্তর্ভুক্তির কার্যক্রম চলমান রয়েছে। ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতিতে ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম প্রক্রিয়া চালু করা হয়েছে।<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ২২। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, চলমান অভ্যন্তরীণ বোরো ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। দাপ্তরিক ও অন্যান্য বিলি-বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৩। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, সভায় জানান, কাহারোল উপজেলার অন্তর্গত সদ্য খননকৃত নদীর উভয় পার্শ্বে খননকৃত পাড়ের মাটি যেন ধ্বসে না যায়, সেদিকে লক্ষ্য রেখে প্রচুর বৃক্ষ রোপনের সম্ভাবনা রয়েছে। তারই ধারাবাহিকতায় চলতি বর্ষা মৌসুমে উপকারভোগী দল গঠনপূর্বক ২০ কিলোমিটার নদীর পাড়ে সামাজিক বনায়ন কার্যক্রম চলছে। বিলুপ্ত প্রায় প্রজাতি ও শতবর্ষী প্রজাতির সমন্বয় করে এ বৃক্ষরোপণ করা হচ্ছে। তিনি বর্ষা মৌসুমে বৃক্ষরোপণ ও সংরক্ষণের জন্য সবাইকে অনুরোধ জানান। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |
| ২৪। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, কাহারোল জোন সভায় জানান, সাম্প্রতিক নির্দেশনা মোতাবেক আবাসিক ও বাণিজ্যিক নতুন বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে বাড়িতে বা ব্যাবসা প্রতিষ্ঠানে আগে সোলার প্যানেল স্থাপনের শর্ত রয়েছে।<br><br>বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬-দিনাজপুর-১ জনাব মনোরঞ্জন শীল গোপাল মহোদয় সভায় জানান, আবাসিক ও বাণিজ্যিক নতুন বিদ্যুৎ সংযোগের পূর্ব শর্ত সোলার প্যানেল স্থাপন করা হলে উপকারভোগীগণ সমস্যায় পড়বেন।<br>সুতরাং তিনি বিষয়টি সংশোধনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর সভার কার্যবিবরণী প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | বিস্তারিত আলোচনায় আবাসিক ও বাণিজ্যিক নতুন বিদ্যুৎ সংযোগের পূর্ব শর্ত সোলার প্যানেল স্থাপন করা হলে উপকারভোগীগণ সমস্যায় পড়বেন।<br>সুতরাং বিষয়টি সংশোধনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর সভার কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৫। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৬। উপজেলা পরিচালন ও | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা ডেভেলপমেন্ট | উপজেলা ডেভেলপমেন্ট |

| | | | |
|---|---|---|---|
| উন্নয়ন প্রকল্প | সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কাহারোল উপজেলায় অবকাঠামো ও উন্নয়ন খাতে মোট ৪০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায় এবং সে প্রেক্ষিতে নিয়ম মেনে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে অনুমোদনের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর প্রধান কার্যালয়ে প্রেরণ করা হলে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পগুলো অনুমোদিত হয় এবং সম্মতিপত্রের মাধ্যমে তা কাহারোল উপজেলা পরিষদকে জানানো হয়েছে।<br>অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহ টেন্ডারের কার্যক্রম চলমান রয়েছে। | ফ্যাসিলিটেটরকে অনুরোধ করা হয়। | ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) |
| ২৭। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর। |
| ২৮। তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২৯। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ৩০। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে অনুরোধ করা হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩১। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| বিবিধ-০১ | **উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৭/০৮/২০২৩ হতে ২০/০৯/২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ব্যয় হয়েছে। তা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ১৭/০৮/২০২৩ হতে ২০/০৯/২০২৩ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মোট টাকা= ৩,৯৫,৫৯৩/- (কথায়- তিন লক্ষ পচানব্বই হাজার পাঁচশত তিরানব্বই) টাকা ব্যয় অনুমোদন করা হয়। | |

| ক্র: নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | ১৭/০৮/২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে অফিস সরঞ্জাম খাত হতে টিভি মেরামত বাবদ | ১৯,৫০০/- |
| ০২ | ২৭/০৮/২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে অফিস সরঞ্জাম খাত হতে টিভি মেরামত বাবদ প্রদান। | ২৪৭০০/- |
| ০৩ | ২৭-০৮-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে ১৫ আগস্ট, ২০২৩ এর বিভিন্ন বিলের ব্যয় বাবদ প্রদান | ২৫,০০০/- |
| ০৪ | ২৭-০৮-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে শহীদ ক্যাপ্টেন বীরশ্রেষ্ঠ শেখ কামাল এর জন্মবার্ষিকী উপলক্ষে ২০২৩ এর বিভিন্ন বিলের ব্যয় বাবদ প্রদান | ১৭,০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে আগস্ট, ২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান। | | | |
| | ০৬ | ৩-০৯-২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে আগস্ট, ২০২৩ মাসের বাড়ী ভাড়া প্রদান। | ৫,০০০/- | | |
| | ০৭ | ৩-০৯-২০২৩-জনাব উদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে আগস্ট/ ২০২৩ সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- | | |
| | ০৮ | ৩-০৯-২০২৩-জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে আগস্ট,২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- | | |
| | ০৯ | ৩-০৯-২০২৩-জনাব মাহফুজ আহমেদ,পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে আগস্ট,২০২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৬৫০০/- | | |
| | ১০ | ৩-০৯-২০২৩-জনাব রফিজ উদ্দীন,মালী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে আগস্ট,২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৬৫০০/- | | |
| | ১১ | ০৪-০৯-২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে আগস্ট,২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ৩০০০০/- | | |
| | ১২ | ০৪-০৯-২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে আগস্ট,২৩ মাসের মনোহারী ব্যয় বাবদ | ৫০০০/- | | |
| | ১৩ | ০৭-০৯-২০২৩-জনাব মোছা: মরজিনা বেগম, স্বামী- মৃত-মোতালেব হোসেন, সাং- উচিৎপুর, কাহারোল, দিনাজপুর অপ্রত্যাশিত খাত হতে সাহায্য প্রদান। | ৩,০০০/- | | |
| | ১৪ | ০৭-০৯-২০২৩-জনাব সুখি খাতুন, পিতা- মোঃ সোহরাব আলী, সাং-গড়পুর, কাহারোল, দিনাজপুর অপ্রত্যাশিত খাত হতে সাহায্য প্রদান। | ৫,০০০/- | | |
| | ১৫ | ০৭-০৯-২০২৩-জনাব মোঃ আব্দুল হামিদ, পিতা- মোঃ কজিবর রহমান, সাং- ইছাইল, কাহারোল, দিনাজপুর অপ্রত্যাশিত খাত হতে সাহায্য প্রদান। | ৫,০০০/- | | |
| | ১৬ | ০৭-০৯-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে অফিস সরঞ্জাম খাত হতে প্রধান মন্ত্রীর ছবি নোটিশ বোর্ড ও অন্যান্য ব্যয়ের বিলের ব্যয় বাবদ প্রদান | ১২,১৩৮/- | | |
| | ১৭ | ১১-৯-২০২৩-জনাব বিষ্ণু চন্দ্র রায়, গাড়ী চালক, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জীপ গাড়ী সার্ভিসিং বাবদ | ২৩৬৬০/- | | |
| | ১৮ | ১১-০৯-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে উপজেলা পরিষদের বিভিন্ন জায়গা পরিষ্কার পরিচ্ছন্নতা ব্যয়ের বিলের ব্যয় বাবদ প্রদান | ১৮,৫০০/- | | |
| | ১৯ | ১১-০৯-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে উপজেলা পরিষদের বাসাবাড়ী রক্ষনাবেক্ষন এর ব্যয়ের বিলের ব্যয় বাবদ প্রদান | ১৬,৯৭৫/- | | |
| | ২০ | ১১-০৯-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে উপজেলা পরিষদের ইন্টারনেট এর ব্যয়ের বিলের ব্যয় বাবদ প্রদান | ১১,১০০/- | | |
| | ২১ | ১১-০৯-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল, দিনাজপুরকে পাবলিক সার্ভিসডে এর ব্যয়ের বিলের ব্যয় বাবদ প্রদান | ৮,০০০/- | | |
| | ২২ | ১২-০৯-২০২৩-জনাব সবীন রায়, পিতা- জামিনী রায়, সাং- ডহন্ডা, কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান | ৪০,০০০/- | | |
| | ২৩ | ১২-০৯-২০২৩- জনাব বুলবুল আলী, প্রধান শিক্ষক, কাহারোল উচ্চ বিদ্যালয়, কাহারোল,দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান | ৪,০০০/- | | |
| | ২৪ | ১৩-০৯-২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে জাতীয় স্থানীয় সরকার দিবস এর বায়ের | ২৫,০০০/- | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিলের ব্যয়<br>মোট= ৩,৯৫,৫৯৩/- | | | |
| বিবিধ-০২ | **উপজেলা পরিষদ চত্বরে অফিসার্স ক্লাব মাল্টিপারপাস ইনডোর স্টেডিয়াম নির্মাণঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান কাহারোল উপজেলায় খেলাধুলার মানোন্নয়নের জন্য একটি উন্নত মাল্টিপারপাস ইনডোর স্টেডিয়াম (Indoor Stadium) নির্মাণ করা প্রয়োজন। যাতে একই স্টেডিয়ামে ব্যাডমিন্টন, ভলিবল, বাস্কেটবল, লংটেনিস ও হ্যান্ডবল খেলা পরিচালনা করা সম্ভব হবে।<br>তিনি জানান, একটি উন্নত ইনডোর স্টেডিয়াম নির্মিত হলে খেলাধুলার ক্ষেত্রে আবহাওয়াজনিত সমস্যায় পড়তে হবে না। ফলে বছরের পুরোটা সময় ইনডোর স্টেডিয়ামটি খেলাধুলার জন্য ব্যবহার করা যাবে এবং কাহারোল উপজেলার খেলাধুলার মানোন্নয়ন ত্বরান্বিত হবে।<br>এ বিষয়ে সভাপতি জানান, উপজেলা পরিষদ চত্বরের আবাসিক ভবনসমূহের দিকে উপজেলা পরিষদ লেক সংলগ্ন স্থানে উপজেলা পরিষদ ইনডোর স্টেডিয়ামটি নির্মাণ করা যেতে পারে।<br>উপজেলা নির্বাহী অফিসার ইনডোর স্টেডিয়াম নির্মাণের প্রাক্কলন (Estimate) প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব মনোরঞ্জন শীল গোপাল মহোদয় জানান, কাহারোল উপজেলার বিভিন্ন খেলার মানোন্নয়নের জন্য প্রস্তাবিত অফিসার্স ক্লাব মাল্টিপারপাস ইনডোর স্টেডিয়ামটি নির্মাণ করার প্রয়োজনীয়তা রয়েছে।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত মাল্টিপারপাস ইনডোর স্টেডিয়ামটি নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) উপজেলা প্রকৌশলী |
| বিবিধ-০৩ | **পাবলিক গ্রন্থাগার (Public Library) নির্মাণঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, কাহারোল উপজেলা পরিষদের পাবলিক লাইব্রেরীটি অনেক পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় সেখানে বই পড়ার সুষ্ঠু পরিবেশ অনুপস্থিত। এছাড়া অনেক বই নষ্ট হওয়ার কারনে লাইব্রেরীটি পাঠকের আগমন তুলনামূলক অনেক কম।<br>তাই মানুষকে বই পড়তে উদ্বুদ্ধ করার জন্য উপজেলা পরিষদ চত্বরে ০১টি পাবলিক লাইব্রেরী নির্মাণ করা প্রয়োজন মর্মে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন।<br>তিনি উপজেলা টেনিস কোর্ট সংলগ্ন স্থানে প্রস্তাবিত মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর এর পাশেই নতুন পাবলিক লাইব্রেরী নির্মাণের প্রস্তাব করেন। কারন এর পাশেই কাহারোল-বলেয়া পাকা রাস্তা থাকায় লাইব্রেরীটি উপজেলা পরিষদের অভ্যন্তরের এবং বাইরের অনেক শিক্ষার্থী ও জনসাধারণের দৃষ্টিগোচরে আসবে এবং পাঠক সংখ্যা বৃদ্ধি পাবে।<br>এছাড়া উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান প্রস্তাবিত পাবলিক লাইব্রেরীটি পরিচালনার জন্য একটি ফান্ড গঠন করা প্রয়োজন। | আলোচনায় সভাপতি জানান, বর্তমান প্রজন্মকে জ্ঞানচর্চায় উদ্বুদ্ধ করতে এবং শিক্ষা ও সাহিত্য চর্চার মাধ্যমে উন্নত চিন্তার মানুষ তৈরীতে পাবলিক লাইব্রেরীটি ভূমিকা রাখবে। ফলে শিক্ষা কারিকুলামের বাইরেও বিভিন্ন বই পড়ে কাহারোল উপজেলার শিক্ষার্থীরা উপকৃত হবে।<br><br>বিস্তারিত আলোচনায় প্রস্তাবিত পাবলিক লাইব্রেরী নির্মাণের বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) উপজেলা প্রকৌশলী |
| বিবিধ-০৪ | **উপজেলা পরিষদ চত্বরের জলাবদ্ধতা নিরসনে অভ্যন্তরীণ ড্রেইন নির্মাণঃ**<br>সভাপতি জানান, সাম্প্রতিক সময়ে উপজেলা পরিষদের অভ্যন্তরে মূল রাস্তা সহ বিভিন্ন আরসিসি (RCC) সংযোগ রাস্তা নির্মাণ করা হয়। কিন্তু বর্তমানে বর্ষাকালে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন সহ বিভিন্ন দপ্তরের চলাচলের রাস্তায় এবং উপজেলা পরিষদ খেলার মাঠে জলাবদ্ধতার কারনে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের চলাচলের সমস্যা সৃষ্টি হয়েছে। যা অতি দ্রুত সমাধান করা প্রয়োজন।<br><br>আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার জানান, বর্ষাকালে উপজেলা পরিষদের অন্তর্গত সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের সুষ্ঠু চলাচল নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ ড্রেইন নির্মাণ করা যেতে পারে এবং এ সংক্রান্ত ড্রেইন নির্মাণ প্রকল্প গ্রহণ | বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদের অভ্যন্তরে জলাবদ্ধতা নিরসনে ড্রেইন নির্মাণ প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) সংশ্লিষ্ট কমিটি |

<table>
<tr>
<td></td>
<td>উপজেলা পরিষদ চত্বরের অভ্যন্তরে জলাবদ্ধতা নিরসনে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিম্নোক্ত কমিটি গঠন করা হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা প্রকৌশলী কর্তৃক মনোনীত প্রতিনিধি</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>০৩</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা সমাজসেবা অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
</table>
গঠিত কমিটিকে ড্রেইন নির্মাণ প্রকল্প গ্রহণপূর্বক জলাবদ্ধতা নিরসনে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>বিবিধ-০৫</td>
<td><u>বলেয়া বাজারে জলাবদ্ধতা নিরসনে ড্রেইন নির্মাণঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, কাহারোল উপজেলার ২নং রসুলপুর ইউনিয়নের অন্তর্গত বলেয়া বাজারে বর্ষাকালে ব্যাপক জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। ফলে বলেয়া হাট-বাজারের কার্যক্রম ব্যাহত হচ্ছে।<br>তিনি জানান, সরেজমিনে দেখা যায় বর্ণিত জলাবদ্ধতা নিরসনের ক্ষেত্রে পানি নিষ্কাশনের জন্য ড্রেইন নির্মাণের কোন বিকল্প নেই।<br>তাই তিনি বলেয়া হাট-বাজারে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে দ্রুত পানি নিষ্কাশনের ড্রেইন নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলী জানান, বর্ণিত বিষয়ে প্রাক্কলন প্রস্তুত সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে এবং শীঘ্রই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।</td>
<td>বিস্তারিত আলোচনায় বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কাহারোল, দিনাজপুর।</td>
</tr>
<tr>
<td>বিবিধ-০৬</td>
<td><u>উপজেলা পরিষদের রাত্রীকালীন নিরাপত্তা নিশ্চিতকরণঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, কাহারোল উপজেলা পরিষদ চত্বরের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত সরকারি দপ্তরসমূহের নিরাপত্তাকর্মীগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বেশিরভাগ সরকারি দপ্তরের নিরাপত্তাকর্মীগণ তাদের অর্পিত দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন করছেন না।<br>এমতাবস্থায়, উপজেলা পরিষদ চত্বরের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্ব স্ব দপ্তরে হাজিরা খাতায় প্রতিদিন বিকাল ৫-০০ টায় ও পরের দিন সকাল ৯-০০ টায় স্বাক্ষর গ্রহণপূর্বক সংরক্ষণ করে আগামী উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় দাখিল করার জন্য সকল দপ্তর প্রধানদেরকে (নিরাপত্তাকর্মী নিয়োজিত থাকা সাপেক্ষে) অনুরোধ করেন এবং এ বিষয়ে দপ্তর প্রধানদের মতামত ব্যক্ত করার অনুরোধ করেন।<br>বিস্তারিত আলোচনায় দপ্তর প্রধানগণ একমত পোষণ করেন।</td>
<td>উপজেলা পরিষদ চত্বরের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্ব স্ব দপ্তরের হাজিরা খাতায় নিরাপত্তাকর্মী কর্তৃক প্রতিদিন বিকাল ৫-০০ টায় ও পরের দিন সকাল ৯-০০ টায় স্বাক্ষর গ্রহণপূর্বক সংরক্ষণ করে আগামী উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td>
<td>সংশ্লিষ্ট দপ্তর প্রধান</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল মালেক সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd


স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.২৯.০০১.২১- ৯১৫

তারিখ: ২৮ আশ্বিন, ১৪৩০ / ০৬ অক্টোবর,২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল,মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।

২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৬। জেলা প্রশাসক, দিনাজপুর।

৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।

৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।

৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।

১১। উপজেলা ........................................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।

১২। চেয়ারম্যান, ........................................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।

১৩। জনাব ........................................................................................................

১৪। অফিস কপি।

০৬/১০/২০২৩


মোঃ আমিনুল ইসলাম

উপজেলা নির্বাহী অফিসার

কাহারোল, দিনাজপুর।

ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫

মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭

ই-মেইল: unokaharole@mopa.gov.bd